# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

**ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়**
ই-মেইল: info.bscs@bb.org.bd

বিজ্ঞপ্তি নং-১২/২০২৬

তারিখ : ২৭ পৌষ, ১৪৩২
১১ জানুয়ারি, ২০২৬

**নিয়োগ বিজ্ঞপ্তির পদসংখ্যা সংশোধন প্রসঙ্গে।**

এ সচিবালয়ের বিগত ০১ জানুয়ারি, ২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০২৬ এর মাধ্যমে প্রকাশিত নিম্নোক্ত ২টি ক্যাটাগরিতে শূন্য পদের সংখ্যা পুনঃর্নির্ধারণ করা হলো:

| ক্র. নং | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদ সংখ্যা কম/বেশি | সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান | Job ID |
|---|---|---|---|---|---|
| ১. | অফিসার (IT) (গ্রেড-১০) | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ৬৪টি | সোনালী ব্যাংক পিএলসি -১৭টি<br>অগ্রণী ব্যাংক পিএলসি-৪৪ টি<br>প্রবাসী কল্যাণ ব্যাংক-০৩ টি | 25105 |
| ২. | এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি)/ সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট হার্ডওয়্যার ইঞ্জি:)/ এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জি:/ সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (গ্রেড-৯) | টাঃ ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ৩৪টি | সোনালী ব্যাংক পিএলসি-০৩টি<br>রূপালী ব্যাংক পিএলসি-১৫টি<br>বাংলাদেশ কৃষি ব্যাংক-০৬টি<br>আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক -০৬টি<br>প্রবাসী কল্যাণ ব্যাংক-০৪টি | 25107 |

এ সচিবালয়ের বিগত ০১ জানুয়ারি, ২০২৬ তারিখের বিজ্ঞপ্তি নম্বর: ০৪/২০২৬ এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

**স্বাক্ষরিত/-**
**(মিজানুর রহমান আকন)**
পরিচালক (বিএসসিএস) ও
সদস্য সচিব, বিএসসি

বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

**ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়**

**বিজ্ঞপ্তি নম্বর :০৪/২০২৬**

তারিখ : ১৭ পৌষ ১৪৩২ / ০১ জানুয়ারি ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

ব্যাংকার্স সিলেকশন কমিটির সদস্যভুক্ত বিভিন্ন ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের নিমিত্ত প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্যানেল প্রস্তুতির লক্ষ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকের নিকট হতে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রঃ নং | পদের নাম ও গ্রেড | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | পদ সংখ্যা কম/বেশি | সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান | Job ID | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|---|
| ১. | সিনিয়র অফিসার (IT) (গ্রেড-৯) | টাঃ ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ৭৯টি | সোনালী ব্যাংক পিএলসি-১৭টি<br>অগ্রণী ব্যাংক পিএলসি-৪১টি<br>বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি-০৭টি<br>বাংলাদেশ কৃষি ব্যাংক-১৪টি | 25104 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং /কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ২. | অফিসার (IT) (গ্রেড-১০) | টাঃ ১৬,০০০-৩৮,৬৪০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ৭০টি | সোনালী ব্যাংক পিএলসি -১৭টি<br>অগ্রণী ব্যাংক পিএলসি-৪৪ টি<br>প্রবাসী কল্যাণ ব্যাংক-০৯ টি | 25105 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং /কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ১টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৩. | এসিস্ট্যান্ট প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার/সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট প্রোগ্রামার) (গ্রেড-৯) | টাঃ ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ৩৩টি | সোনালী ব্যাংক পিএলসি -০১ টি<br>রূপালী ব্যাংক পিএলসি-২০টি<br>বাংলাদেশ কৃষি ব্যাংক-০৬টি<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-০২টি<br>বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন-০১ টি<br>ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ-০২টি<br>কর্মসংস্থান ব্যাংক -০১টি | 25106 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং /কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।<br>(ঘ) স্বীকৃত/নিবন্ধিত কোনো প্রফেশনাল কম্পিউটার সোসাইটির সদস্য/সহযোগী সদস্য হতে হবে। |
| ৪. | এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি) /সিনিয়র অফিসার এসিস্ট্যান্ট হার্ডওয়্যার ইঞ্জি:)/এসিস্ট্যান্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার/ সহকারী মেইনটেন্যান্স ইঞ্জি:/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (গ্রেড-৯) | টাঃ ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ৫৪টি | সোনালী ব্যাংক পিএলসি-০৩টি<br>রূপালী ব্যাংক পিএলসি-১৫টি<br>বাংলাদেশ কৃষি ব্যাংক-০৬টি<br>আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক -০৬টি<br>প্রবাসী কল্যাণ ব্যাংক-২৪টি | 25107 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং /কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |

চলমান পাতা /০২

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ৫. | এসিস্ট্যান্ট ডাটাবেইজ এডমিনিস্ট্রেটর (গ্রেড-৯) | টাঃ ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০১টি | সোনালী ব্যাংক পিএলসি | 25108 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং /কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৬. | সিনিয়র অফিসার (এসিস্ট্যান্ট নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার/এসিস্ট্যান্ট নেটওয়ার্ক সিস্টেম ইঞ্জিনিয়ার) (গ্রেড-০৯) | টাঃ ২২,০০০-৫৩,০৬০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ২১টি | রূপালী ব্যাংক পিএলসি-২০টি<br>রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক-০১টি | 25109 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং / ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং /ইনফরমেশন টেকনোলজি/ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশনস্ ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>(খ) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট/সমমান এবং তদূর্ধ্ব পর্যায়ের পরীক্ষাসমূহে ন্যূনতম ২টি তে প্রথম বিভাগ/শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতির ফলাফলের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য হবে।<br>(খ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |
| ৭. | চীফ মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার (গ্রেড-৩য়) | টাঃ ৫৬,৫০০-৭৪,৪০০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০১টি | প্রবাসী কল্যাণ ব্যাংক | 25110 | (ক) প্রিন্সিপাল মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার বা সমমানের পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরিসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে অন্যূন ১৫ (পনেরো) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>(খ) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ কম্পিউটার সায়েন্স এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং বিষয়ে ০৪ বছর মেয়াদী ১ম শ্রেণির বা সমমানের জিপিএ স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।<br>গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না।<br>ঘ) স্বীকৃত কম্পিউটার সোসাইটির সদস্যপদ থাকতে হবে।<br>ঙ) নেটওয়ার্কিং বা সার্ভার এডমিনিস্ট্রেশন বা স্টোরেজ ম্যানেজমেন্ট এ দক্ষতা থাকতে হবে। |
| ৮. | রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (গ্রেড-৬ষ্ঠ) | টাঃ ৩৫,৫০০-৬৭,০১০ এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। | ০১টি | আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক | 25111 | (ক) স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিকাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং/ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকতে হবে।<br>(খ) কোনো সরকারী/স্বায়ত্তশাসিত/আধাস্বায়ত্তশাসিত/সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে সহকারী রক্ষাণাবেক্ষণ প্রকৌশলী/ সহকারী প্রোগ্রামার/ সিনিয়র কম্পিউটার অপারেটর হিসেবে অন্যূন ০৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) শিক্ষাজীবনে কোনো পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য হবে না। |

৯। **সকল পদের জন্য শিক্ষাগত যোগ্যতার মান নির্ধারণী নির্দেশনা :**

গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত GPA বা ক্ষেত্রমত, CGPA এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবে :

(১) SSC বা সমমান এবং HSC বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত CGPA এর ক্ষেত্রে-

| অর্জিত CGPA | | **সমতুল্য শ্রেণি/বিভাগ** |
|---|---|---|
| ৪.০০ পয়েন্ট স্কেলে | ৫.০০ পয়েন্ট স্কেলে | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

১০। **বয়স: ০১/০৭/২০২৫ তারিখে (বয়সের ক্ষেত্রে কোনো এফিডাভিট গ্রহণযোগ্য নয়।)**
**ক) ক্রমিক নং-১ থেকে ৬ পর্যন্ত প্রার্থীদের বয়স সর্বনিম্ন ২১ ও সর্বোচ্চ ৩২ বছর।**

চলমান পাতা /০৩

**খ) ক্রমিক নং-০৭ এ প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৫০ বছর এবং ক্রমিক নং- ০৮ প্রার্থীদের সর্বোচ্চ ৩৫ বছর।**

১১। **আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময় : ০১/০২/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা**

১২। **ফি প্রদান , Payment Verify এবং Tracking Page সংগ্রহের শেষ তারিখ ও সময় : ০৩/০২/২০২৬ তারিখ, রাত ১১.৫৯ টা।**

১৩। **আবেদন ফি :** অফেরতযোগ্য টাঃ **২০০/-** (দুইশত টাকা) মাত্র। ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত তথ্যের জন্য ১৪ (ট) দ্রষ্টব্য।
(অনগ্রসর নাগরিক গোষ্ঠীভুক্ত প্রার্থীদের জন্য সরকার নির্ধারিত আবেদন ফি টাঃ ৫০/-(পঞ্চাশ টাকা) মাত্র যা পরবর্তীতে তাদের আবেদন ও দাখিলকৃত দলিলাদি যাচাই সাপেক্ষে সমন্বয় করা হবে। এ বিষয়ে পরবর্তীতে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হবে)।

১৪। **আবেদন পদ্ধতি :**

ক. **Online Registration :** কেবল বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ নির্ধারিত ছক পূরণের মাধ্যমে Online এ নিবন্ধনকরতঃ আবেদন করতে হবে। ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান CV ব্যবহার করে আবেদন করতে পারবেন। আবেদন দাখিলের বিস্তারিত নিয়ম ও শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে।

খ. **CV ID Number :** বাংলাদেশ ব্যাংকের সিস্টেমে ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থীদের বিদ্যমান CV ID Number এবং Password ব্যবহার করে আবেদন দাখিল করতে হবে। নতুন প্রার্থী Online এ নিবন্ধন করলে একটি CV ID Number এবং Password প্রাপ্ত হবেন যা ভবিষ্যতে ব্যবহারের জন্য অবশ্যই সংরক্ষণ করতে হবে। **একজন প্রার্থী একের অধিক CV তৈরী করতে পারবেন না।**

গ. **প্রার্থীর বিবরণ :** প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ অবশ্যই এসএসসি অথবা সমমানের সনদ অনুযায়ী Online আবেদনে লিখতে হবে।

ঘ. **প্রার্থীর বর্তমান ঠিকানা :** প্রার্থীর বর্তমান বসবাসের স্থান এবং নিয়োগ সংক্রান্ত চিঠিপত্র পেতে ইচ্ছুক ঠিকানাকে বর্তমান ঠিকানা উল্লেখ করতে হবে।

ঙ. **প্রার্থীর স্থায়ী ঠিকানা :** প্রার্থীর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদে উল্লিখিত স্থায়ী ঠিকানাকে প্রার্থীর স্থায়ী ঠিকানা হিসেবে উল্লেখ করতে হবে। বিবাহিত মহিলা প্রার্থী তার স্বামীর ঠিকানাকে নিজের স্থায়ী ঠিকানা হিসেবে ব্যবহার করতে পারবেন। তবে আবেদন দাখিলের পরে কোন মহিলা প্রার্থী বিবাহবন্ধনে আবদ্ধ হলে যথাযথ প্রমাণ সাপেক্ষে স্বামীর স্থায়ী ঠিকানার অনুকূলে নিজের স্থায়ী ঠিকানা পরিবর্তন করতে পারবেন।

চ. **ছবি (Photo) :** ইতঃপূর্বে নিবন্ধনকৃত প্রার্থী বিদ্যমান ছবি ব্যবহার করতে পারবেন। তবে নতুন প্রার্থীকে অবশ্যই অনধিক ৩ মাস পূর্বে তোলা সাদা ব্যাকগ্রাউন্ড সম্বলিত রঙিন ছবি scan করে 600x600 pixel ও file size 100 KB এর বেশি নয় এরূপ মাপে ওয়েবসাইটের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবি তোলার সময় মুখ ও কানের উপর আবরণ রাখা যাবে না। সাদাকালো ছবি এবং Informal ছবি আপলোড করলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

ছ. **স্বাক্ষর (Signature) :** প্রার্থীর নিজের স্বাক্ষর scan করে 300x80 pixel ও file size 60 KB এর বেশি নয় এরূপ মাপে ওয়েবসাইটের নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। স্বাক্ষর অবশ্যই সাদা কাগজের উপর কালো কালিতে হতে হবে।
*** নিবন্ধনকৃত কোনো প্রার্থীর ছবি/স্বাক্ষর পরিবর্তনের প্রয়োজন হলে CV ID Number উল্লেখপূর্বক স্ক্যানকৃত ছবি//স্বাক্ষরসহ (.jpg/.gif/.png ফরম্যাটে) প্রার্থীর নিবন্ধিত ই-মেইল হতে info.bscs@bb.org.bd-এ ই-মেইলে প্রেরণ করতে হবে।

জ. **অর্জিত ডিগ্রির ফলাফলের তারিখ :** পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত সংশ্লিষ্ট ডিগ্রির ফলাফল প্রকাশের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে। অর্জিত ডিগ্রির ফলাফল অবশ্যই আবেদন দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে প্রকাশিত হতে হবে।

ঝ. **বিদেশি ডিগ্রিধারী প্রার্থী :** প্রার্থী 'O' Level ও 'A' Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট এবং বিদেশি বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রিপ্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন/শিক্ষা মন্ত্রণালয় বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত সমমান সার্টিফিকেট অনুযায়ী ডিগ্রি ও ফলাফলের (শ্রেণি/বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য মৌখিক পরীক্ষার সময় চেকিং বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

ঞ. **প্রতিষ্ঠান পছন্দক্রম:** Online আবেদনে প্রার্থীকে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত প্রত্যেক প্রতিষ্ঠানকে বিবেচনায় নিয়ে প্রার্থী কর্তৃক প্রতিষ্ঠান পছন্দক্রম নির্ধারণ করতে হবে। চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে তাদের অর্জিত মেধাক্রম এবং Online আবেদনে উল্লিখিত পছন্দক্রম অনুসারে শূন্য পদ থাকা সাপেক্ষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে নিয়োগের জন্য মনোনীত করা হবে। **আবেদন দাখিলের পর উক্ত পছন্দক্রম কোনো অবস্থাতেই পরিবর্তন করা যাবে না।**

ট. **Application Fee Payment পদ্ধতি :** ডাচ বাংলা ব্যাংক পিএলসি এর মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিস (MFS) **'রকেট'** এর অ্যাপ বা ম্যানুয়াল পদ্ধতির 'Bill Pay' অপশন ব্যবহার করে ফি প্রদান করতে হবে। এক্ষেত্রে Biller ID হিসেবে Bankers Selection Committee Secretariat অথবা 499 সিলেক্ট করতে হবে। পরবর্তীতে পর্যায়ক্রমে **সংশ্লিষ্ট Job ID Number, নিজ CV ID Number এর ১ম অংশ {হাইফেন (-) এর আগের অংশ},** ফি এর পরিমাণসহ প্রয়োজনীয় তথ্য ব্যবহার করে ফি প্রদান করতে হবে। ফি প্রদান করলে প্রার্থী মোবাইলের মেসেজ অপশনে একটি Transaction ID (TxnID) নম্বর পাবেন। **প্রাপ্ত TxnID নম্বরটি ব্যবহার করে প্রার্থীকে অবশ্যই 'ঠ' ক্রমিকে উল্লিখিত পদ্ধতিতে পৃথকভাবে Payment Verify সম্পাদন করতে হবে। অন্যথায় আবেদন অসম্পূর্ণ রয়ে যাবে।**
****আবেদন ফি'র** Payment পদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে https://erecruitment.bb.org.bd/onlineapp/rocketpreepay.pdf ওয়েবসাইটটি ভিজিট করতে হবে।

ঠ. **Verify Payment :** প্রার্থীকে ফি প্রদানের পর প্রাপ্ত TxnID বাংলাদেশ ব্যাংকের erecruitment ওয়েবসাইটের নির্দিষ্ট ফিল্ডে বসিয়ে Payment Verify সম্পাদন করতে হবে। **কোনো আবেদনকারী নির্ধারিত সময়ের মধ্যে Payment Verify সম্পন্ন না করলে পরবর্তীতে Admit Card ডাউনলোড করতে পারবে না।** ভুল JOB ID বা ভুল CV ID ব্যবহারপূর্বক ফি জমা দিলে বা নির্দিষ্ট সময়ের মধ্যে Payment Verify না করলে আবেদন গ্রহণযোগ্য হবে না এবং এক্ষেত্রে আবেদন ফি ফেরৎ প্রদান কিংবা সমন্বয় করা সম্ভব হবে না।

ড. **Tracking Page সংগ্রহ :** Payment Verify নিষ্পন্ন হওয়ার পর প্রার্থীকে Tracking ID Number সম্বলিত একটি Tracking Page প্রদান করা হবে। **Tracking Page টি ভবিষ্যতে ব্যবহারের জন্য সংরক্ষণ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো অবস্থাতেই Tracking Page এর Duplicate Copy সরবরাহ করা হবে না।**

ঢ. Online আবেদনে প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, ছবি, স্বাক্ষরসহ অন্যান্য তথ্য অত্যন্ত সতর্কতার সাথে নির্ভুলভাবে পূরণ করতে হবে। আবেদনে প্রদত্ত সার্বিক তথ্য, ছবি, স্বাক্ষর ইত্যাদি verification সাপেক্ষে প্রাথমিকভাবে যোগ্য প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত আবেদন কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১৫। প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত সকল প্রার্থীর প্রবেশপত্র ও নির্বাচনী পরীক্ষার তারিখ সংক্রান্ত বিজ্ঞপ্তি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট ও জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশ করা হবে।

১৬। প্রার্থীকে প্রাথমিক নির্বাচনী, লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৭। পরীক্ষা পদ্ধতি ও নম্বর বন্টন পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (https://erecruitment.bb.org.bd) এ প্রকাশ করা হবে।

চলমান পাতা /০৪

১৮। প্রার্থীকে Online আবেদনের সময় কোনোরূপ কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে অনলাইন আবেদনে প্রদত্ত প্রতিটি তথ্যের সপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র মৌখিক পরীক্ষার দিন দাখিল করতে হবে। Online আবেদনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের সঠিকতা যাচাইয়ান্তে কোনো গুরুতর (substantive) ত্রুটি ধরা পড়লে তিনি মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। তাছাড়া, মৌখিক পরীক্ষা শেষে প্যানেল প্রস্তুতিকালে কোনো প্রকার ত্রুটি পরিলক্ষিত হলেও প্রার্থীকে প্যানেলভুক্ত করা হবে না।

১৯। চাকুরিরত প্রার্থীকে তার নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার দিন উক্ত অনুমোদনের কপি প্রদর্শন করতে হবে।

২০। নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারি সর্বশেষ নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

২১। সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের স্ব স্ব বিধিবিধান অনুসরণপূর্বক চূড়ান্ত নিয়োগ প্রদান করবে।

২২। কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্তের (Substantive) ঘাটতি পাওয়া গেলে পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

২২। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র দাখিল, নির্ধারিত ফি প্রদান ও Payment Verify সম্পন্ন করতঃ Tracking Page টি হার্ডকপি ও সফটকপি আকারে সংরক্ষণ করার জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

**বিশেষ দ্রষ্টব্য : ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানসমূহের চাহিদার প্রেক্ষিতে শূন্য পদের সংখ্যা সংশোধন এবং অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে ইহা বাতিল করার অধিকার বিএসসিএস সংরক্ষণ করে।**

**স্বাক্ষরিত/-**
**(মিজানুর রহমান আকন)**
পরিচালক (বিএসসিএস)
সদস্য সচিব, বিএসসি

# বাংলাদেশ ব্যাংক

**হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১**

প্রধান কার্যালয়

ঢাকা।

বিজ্ঞপ্তি নং: ৮১/২০২৫

তারিখ: ১৪ পৌষ ১৪৩২ / ২৯ ডিসেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ব্যাংকে Chief Legal Affairs Officer (মুখ্য আইন বিষয়ক কর্মকর্তা) পদে চুক্তিভিত্তিক একজন কর্মকর্তা নিয়োগের জন্য নিম্নে বর্ণিত শর্তাধীনে বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| | | | |
|---|---|---|---|
| ক) | শিক্ষাগত যোগ্যতা | : | স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে আইন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে। |
| খ) | অভিজ্ঞতা | : | আইন বিষয়ক পেশায় দেশী/বিদেশী উচ্চ আদালতে (আপিল বিভাগসহ) ন্যূনতম ১৫(পনের) বছরের অভিজ্ঞতা। |
| গ) | কার্যপরিধি(TOR) | : | যোগ্যতা এবং অভিজ্ঞতার বিস্তারিত তথ্য সম্বলিত TOR বাংলাদেশ ব্যাংকের নিয়োগ সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ পাওয়া যাবে। |
| ঘ) | মাসিক সম্মানী | : | আলোচনা সাপেক্ষে। |
| ঙ) | চুক্তির মেয়াদ | : | ০২(দুই) বছর। প্রয়োজনে উভয় পক্ষের আলোচনা ও সম্মতিক্রমে নবায়নযোগ্য। |
| চ) | নির্বাচন প্রক্রিয়া | : | যোগ্যতা এবং অভিজ্ঞতা যাছাই বাছাই শেষে সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীবৃন্দকে বাংলাদেশ ব্যাংক কর্তৃক মনোনীত নির্বাচনী কমিটির নিকট সাক্ষাৎকারে অবতীর্ণ হতে হবে। |

০২। আগ্রহী প্রার্থীবৃন্দকে আলোচ্য পদের জন্য প্রস্তুতকৃত TOR-এর আলোকে যোগ্যতা এবং অভিজ্ঞতার পূর্ণ বিবরণী এবং জীবন বৃত্তান্তসহ আবেদনপত্র পরিচালক(এইচআরডি-১), হিউম্যান রিসোর্সেস ডিপার্টমেন্ট-১, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এই ঠিকানায় সরাসরি বা ডাকযোগে অথবা **gm.hrd@bb.org.bd** ই-মেইলে আগামী **২২/০১/২০২৬** তারিখের মধ্যে পৌঁছাতে হবে। আবেদনপত্রের সাথে সত্যায়িত ০৩(তিন) কপি রঙিন ছবি, সকল শিক্ষাগত ও পেশাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত জাতীয়তার সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/স্মার্ট কার্ডের সত্যায়িত অনুলিপি প্রেরণ করতে হবে।

০৩। বাংলাদেশ ব্যাংক কর্তৃপক্ষ প্রার্থীদের কাউকে নিয়োগ প্রদান করা বা না করা অথবা নিয়োগ প্রক্রিয়া কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বাতিলের অধিকার সংরক্ষণ করে।

**(মোঃ জবদুল ইসলাম)**
পরিচালক (এইচআরডি-১)